



জাতীয় বিশ্ববিদ্যালয়
বাংলাদেশ
পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর

স্মারক নং- (০-৫)/জাতীঃবিঃ/পনি/অফিস আদেশ/২০১২/০৩/৭৭২

তারিখঃ ২৬/০৪/২০২৩

শিক্ষার্থীদের অফিসিয়াল ই-মেইল এ্যাড্রেস ব্যবহার সংক্রান্ত বিজ্ঞপ্তি

২০২১ সালের অনার্স ৩য় বর্ষের সকল পরীক্ষার্থীর জন্য জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে অফিসিয়াল ই-মেইল একাউন্ট খোলা হয়েছে। নিম্নলিখিত ধাপ অবলম্বন করে অফিসিয়াল ই-মেইল এ্যাড্রেস করার জন্য সকল পরীক্ষার্থীকে অনুরোধ করা হলো। পরবর্তীতে পর্যায়ক্রমে জাতীয় বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষার্থীকে অফিসিয়াল ই-মেইল দেয়া হবে এবং বিশ্ববিদ্যালয়ের সকল যোগাযোগ শুধুমাত্র এই ই-মেইল এর মাধ্যমে করা যাবে।

- প্রতিটি শিক্ষার্থীর এডমিট কার্ডে তার ই-মেইল এ্যাড্রেস দেওয়া আছে এবং পাসওয়ার্ড হবে এডমিট কার্ডের নিচে বামপাশে প্রিন্ট করা ৮ ডিজিটের ID নাম্বার। উদাহরণ- শিক্ষার্থীর রেজিস্ট্রেশন নাম্বার 12345678987 এবং রেজিস্ট্রেশন কার্ডে প্রিন্ট করা আইডি নাম্বার 12345678 হলে Email ID : s12345678987@nu.ac.bd, Password: 12345678 হবে।
- ই-মেইল লগইন করার নিয়ম- যেকোন ব্রাউজার থেকে www.mail.nu.ac.bd বা www.gmail.com এ প্রবেশ করে শিক্ষার্থীর ইমেইল এ্যাড্রেস ও পাসওয়ার্ড লিখে লগইন করতে হবে। যদি কারো একই ব্রাউজারে অন্য কোন জিমেইল একাউন্ট লগইন করা থাকে তাহলে, জিমেইল উইন্ডোর উপরে ডানপাশে Google Account অপশন থেকে Add another account এ ক্লিক করলে সাইন ইন অপশন পাওয়া যাবে। শিক্ষার্থী প্রথমবার লগইন করার পর অবশ্যই পাসওয়ার্ড পরিবর্তন করে নিজের মতো সুবিধাজনক পাসওয়ার্ড সেট করে নিবে।

এ অফিসিয়াল ই-মেইল ব্যবহার সংক্রান্ত যেকোন কারিগরি সমস্যা সমাধান পাওয়ার জন্য email_support@nu.ac.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে।

ধন্যবাদান্তে,

(বদরুজ্জামান)

পরীক্ষা নিয়ন্ত্রক

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।

ফোন: ০২-৯৯৬৬৯১৫১৭

ই-মেইল: controller@nu.ac.bd